শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২২) সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | ড. ফারহিনা আহমেদ<br>সচিব<br>পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| সভার তারিখ: | ২৯/০৬/২০২২ |
| সময়: | বিকাল ৪:০০ ঘটিকা |
| সভার স্থান: | মন্ত্রণালয়ের সভাকক্ষ |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট- ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির আহ্বানে কমিটির সদস্য সচিব ও যুগ্মসচিব (প্রশাসন) জনাব শামিমা বেগম সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে এ সভার আয়োজন করা হয়। অতঃপর মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচকসমূহের ৪র্থ কোয়ার্টারের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও অর্জন এবং অর্থবছরের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা হয়। আলোচনার গুরুত্বপূর্ণ অংশসমূহ নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্র: নং | কর্মসম্পাদন সূচক | মোট লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়াঃ লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়াঃ অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **১.১** | **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | | | |
| ১.১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ১টি | ১টি | |
| ১.১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% | |
| ১.১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২টি | ১টি | ১টি | |
| ১.১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৪টি | ১টি | ১টি | |
| ১.১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | ৩টি<br>৩০/১২/২১<br>৩১/০৩/২২<br>৩০/০৬/২২ | ৩০/০৬/২২ | ২৮/০৬/২২ | |
| ১.১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ০৭/০৬/২১<br>১৫/১০/২১<br>১৫/০১/২২<br>১৫/০৪/২২ | ১৫/০৪/২২ | ১৩/০৪/২২ | |
| ১.১.৭ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ২৬/০৭/২১<br>৩০/১০/২১<br>৩১/০১/২২<br>৩০/০৪/২২ | ৩০/০৪/২২ | ২৮/০৪/২২ | |
| ১.১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ৩০/০৬/২২ | ৩০/০৬/২২ | ৩০/০৬/২২ | |
| **১.২** | **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** | | | | |
| ১.২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ৩১/০৭/২১ | - | - | |
| ১.২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ৭০ | ২৪ | ২৬ | |
| ১.২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ১০০% | ১০০% | ৮৫.২৪% | |

| ক্র: নং | কর্মসম্পাদন সূচক | মোট লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়াঃ লক্ষ্যমাত্রা | ৪র্থ কোয়াঃ অর্জন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১.২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৩০/০৬/২২ | ৩০/০৬/২২ | ৩০/০৬/২২ | |
| ১.৩ | **শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** **(**অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম**)** | | | | |
| ১.৩.১ | ভাওয়াল জাতীয় উদ্যানকে প্লাস্টিক বর্জ্য মুক্তকরণ | ৪ | ১ | ১ | |
| ১.৩.২ | সুন্দরবনের খুলনা রেঞ্জ নিয়ন্ত্রণাধীন বনাঞ্চলের বৃক্ষ নিধন প্রতিরোধে ড্রোন ব্যবহার | ২০ হাজার (হেক্টর) | ৫ হাজার | ৫ হাজার | |
| ১.৩.৩ | পরিবেশ ছাড়পত্র নিরীক্ষাকরণ | ৮ | ২ | ২ | |
| ১.৩.৪ | জেনারেটর সৃষ্ট শব্দ দূষণ রোধে অভিযান পরিচালনা | ৪ | ১ | ১ | |
| ১.৩.৫ | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের বিশেষায়িত বিষয়ে অভিজ্ঞতা বিনিময় | ৪ | ১ | ১ | |

২। ৪র্থ কোয়ার্টারের অর্জনসমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। অত:পর সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং এর প্রমাণকসমূহ যথাসময়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের জন্য মন্ত্রণালয়ের সকল অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানানো হয়।

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার যে সকল সূচকসমূহ দপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে জড়িত সে সকল সূচকসমূহের প্রমাণক যথাসময়ে এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

খ. দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসমূহ যথাসময়ে প্রেরণ করতে হবে।

গ. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (প্রমানকসহ) যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

ঘ. কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

ড. ফারহিনা আহমেদ
সচিব

স্মারক নং- ২২.০০.০০০০.০৫২.১৬.০০২.১৯-৩২৭

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৯
৩০ জুন ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার অধিশাখা)
২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা
৪। চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা
৫। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ৭৩, মতিঝিল, ঢাকা
৬। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৭। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা

৮। প্রধান বন সংরক্ষক (চলতি দায়িত্ব), বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৯। পরিচালক, বাংলাদেশ বন গবেষনা ইনস্টিটিউট, ষোলশহর, চট্টগ্রাম
১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১১। উপসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১২। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১৩। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪। সিস্টেম এনালিষ্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩০.০৬.২০২২

(মোছা: মোহছিনা আকতার বানু)
সিনিয়র সহকারী সচিব